

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ / ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ।

এস. আর. ও. নং-১৯০-আইন/২০১৯/৪৭-মুসক।—মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চলে বিনিয়োগকারী প্রতিষ্ঠান, যাহা উক্ত আইনের অধীন নিবন্ধিত, এর ক্ষেত্রে-

(ক) পণ্য উৎপাদন পর্যায়ে ব্যবহৃত নিম্নবর্ণিত টেবিল-১ এর কলাম (১) ও (২) এ উল্লিখিত Customs Act, 1969 (Act IV of 1969) এর First Schedule এর শিরোনাম সংখ্যা (Heading No.) এবং উহাদের সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) এ আওতাভুক্ত কলাম (৩) এ বর্ণিত পণ্য সরবরাহের উপর প্রদেয় মূল্য সংযোজন কর অব্যাহতি প্রদান করিল, যথা:-

টেবিল-১

শিরোনাম সংখ্যা (Heading No.)	সামঞ্জস্য পূর্ণ নামকরণ কোড (H.S. Code)	পণ্যের বিবরণ (Description of Goods)
(১)	(২)	(৩)
২৭.১১	২৭১১.২১.০০	প্রাকৃতিক গ্যাস

(খ) পণ্য উৎপাদন পর্যায়ে ব্যবহৃত নিম্নবর্ণিত টেবিল-২ এর কলাম (১) ও (২) এ উল্লিখিত সেবার শিরোনাম সংখ্যা ও সেবার কোড-এর আওতাভুক্ত কলাম (৩) এ বর্ণিত সেবাসমূহের উপর প্রদেয় মূল্য সংযোজন কর অব্যাহতি প্রদান করিল, যথা:-

টেবিল-২

শিরোনাম সংখ্যা	সেবার কোড	সেবার নাম
(১)	(২)	(৩)
S০২৫	S০২৫.০০	ওয়সা
S০৩৭	S০৩৭.০০	যোগানদার (Procurement Provider) (পেট্রোলিয়াম দ্রব্যাদি ব্যতীত)
S০৫৭	S০৫৭.০০	বিদ্যুৎ বিতরণকারী

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি)
সিনিয়র সচিব